

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২২৬

আগরতলা, ১৪ ডিসেম্বর, ২০২৩

রাজস্থানের মুখ্যমন্ত্রীর শপথ গ্রহণ
অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী

রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মার শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। রাজস্থানের মুখ্যমন্ত্রীর আমন্ত্রণে সাড়া দিয়ে মুখ্যমন্ত্রী রাজস্থানের রাজধানী জয়পুর যাচ্ছেন। আগামীকাল জয়পুরে দুপুর ১২টা ১৫ মিনিটে রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা শপথ নেবেন। উল্লেখ্য, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজই দুপুরে নয়াদিল্লি থেকে রাজ্যে ফিরেছিলেন। রাজস্থানের মুখ্যমন্ত্রীর আমন্ত্রণে আজ সন্ধ্যায় মুখ্যমন্ত্রী জয়পুরের উদ্দেশ্যে রওনা দিয়েছেন।
